# হয় না

সুভাষ মুখোপাধ্যায়

কবিতা চাই? মাপ করবেন,
হয় না।

কলমটা ঠিক কল নয় তো,
কবিরাও নয়,
দাঁড়ের ঠিক ময়না।
হয় না।

আপনি মশাই,
পেট চিরে চান মুক্তো -
জানেন তো না কী যন্ত্রনা
মুচ্‌ড়ে ওঠে পাতায় পাতায়
যখন ছাপেন একটি করে মুক্তো।

কবিতা চাই? মাপ করবেন,
ধৃষ্টতা এই -
আপনি চান গয়না।